

শমী কায়সার আবারো বিয়ে করলেন

নিউজ-বাংলা ডেস্ক
সোমবার, ০৬ অক্টোবর ২০০৮



জনপ্রিয় টিভি অভিনেত্রী ও নির্মাতা শমী কায়সার বিয়ে করেছেন। বর মোহাম্মদ এ আরাফাত বেসরকারি বিশ্ববিদ্যালয় ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির স্কুল অব বিজনেস ডিপার্টমেন্টের লেকচারার। আরাফাত যুক্তরাষ্ট্রের ওকলাহোমা স্টেট ইউনিভার্সিটি থেকে বিবিএ এবং প্রেইরি ভিউ এ অ্যান্ড এম ইউনিভার্সিটি থেকে এমবিএ সম্পন্ন করেছেন।

অত্যন্ত গোপনীয়তায় পারিবারিক পরিবেশে গত ২৪ জুলাই শমী ও আরাফাতের বিয়ে হয়। বিয়ের কিছুদিন আগে আরাফাতের বাবা শমী কায়সারকে পুত্রবধূ হিসেবে আংটি পরিয়ে দেন। শমী কায়সারের চাচা কথাসাহিত্যিক শাহরিয়ার কবীরে মধ্যস্থতায় পারিবারিক বলয়ে এই বিয়ে সম্পন্ন হয়। বিয়ের অনুষ্ঠানে উভয় পরিবারের শুধু মাত্র ঘনিষ্ঠ জনেরাই উপস্থিত ছিলেন। তবে শেষ পর্যন্ত বিষয়টি আর গোপন থাকে নি। এই প্রসঙ্গে শমী কায়সার বলেছেন, আমরা চাইনি বিয়ের খবর মিডিয়ায় প্রচারিত হোক। এ কারণেই ঘনিষ্ঠজন ছাড়া কাউকে জানানো হয়নি। অল্প কিছুদিনের মধ্যেই সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে সবাইকে জানানো হবে। শহীদ বুদ্ধিজীবী শহীদুল্লাহ কায়সার এবং সাবেক সংসদ সদস্য পান্না কায়সারের সন্তান শমী কায়সার এদেশের একজন প্রথম সারির মঞ্চ ও টিভি অভিনেত্রী। শমী কায়সারের প্রথম বিয়ে হয়েছিল ১৯৯৯ সালে। ভারতীয় নির্মাতা

রিঙোকে ভালোবেসে বিয়ে করেছিলেন তখনকার জনপ্রিয় অভিনেত্রী শমী কায়সার। তবে মাত্র দুই বছর আয়ু ছিল এই দাম্পত্য জীবনের। জানা গেছে, সাহসাই বিয়ের সামাজিক অনুষ্ঠানের পর আরাফাত পিএইচডি করতে দেশের বাইরে যাবেন। শমী কায়সারও এই তিন বছর স্বামীর সঙ্গে বিদেশে থাকার কথা ভাবছেন।